দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JUL 2017
পৃষ্ঠা ৭ কলাম ৮

# মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে নবীনবরণ

■ ভাণ্ডারিয়া (পিরোজপুর) সংবাদদাতা

ভাণ্ডারিয়া মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজে শনিবার নবীনবরণ ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

কলেজ সংলগ্ন মানিক মিয়া পাবলিক লাইব্রেরি মিলনায়তনে উপজেলা নারী উন্নয়ন ফোরামের উদ্যোগে নবাগত একাদশ শ্রেণির শিক্ষার্থীদের বরণ, পরিচিতি ও আলোচনা সভা এবং নবীনদের মাঝে ডিকশনারি বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন- জাতীয় পার্টি-জেপির উপজেলা যুগ্ম আহ্বায়ক ও উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল তালুকদার। বিশেষ অতিথি ছিলেন- জাতীয় পার্টি- জেপি মহিলা পার্টি ও নারী উন্নয়ন ফোরামের উপজেলা সভানেত্রী এবং উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আসমা আক্তার। এ উপলক্ষে আলোচনা সভায় কলেজ অধ্যক্ষ মো. মোশারফ হোসেন মামুনের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেপির উপজেলা সদস্য সচিব ও ধাওয়া ইউপি চেয়ারম্যান মো. ছিদ্দিকুর রহমান টুলু, কলেজের সহকারী অধ্যাপক ও ইংরেজি বিষয়ের বিভাগীয় প্রধান বিশ্বাস সাইদুর রহমান, ব্যবস্থাপনা বিষয়ের বিভাগীয় প্রধান মো. আবু হানিফ জোমাদ্দার, প্রভাষক আব্দুল হালিম হাওলাদার, শিক্ষার্থী মৌমিতা কর্মকার, জান্নাতুল মদিনা প্রমুখ। এ সময় উপস্থিত ছিলেন কলেজের গভর্নিং বডির সদস্য মো. হেমায়েত উদ্দিন রুস্তম মিয়া ও কিরণ চন্দ্র বসু। দক্ষিণাঞ্চলে নারী শিক্ষার অগ্রযাত্রার জন্য পরিবেশ ও বন মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু তার মা মজিদা বেগমের নামে ১৯৮৯ সালে কলেজটি প্রতিষ্ঠা করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
স্বাক্ষর